গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
www.pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৯৪৮২.০০৯.০১.০০৯.২৬-৭১২/১

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

**ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি:-**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির" ফ্যামিলি কার্ড শুমারিনির্দেশিকা-২০২৬ এর আলোকে দেশব্যাপী আগামী "১ আগস্ট ২০২৬- ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে পীরগঞ্জ উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে :-

| ক্র: নং | পদের ধরণ | বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস।<br>খ) বয়স: ১৮-৪০বছর।<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর।<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম।<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত। | ক) নারী প্রার্থী ৫০%।<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী।<br>গ) পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা। | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| **ক্র: নং** | **পদের ধরণ** | **বাধ্যতামূলক যোগ্যতা** | **বাধ্যতামূলক দায়িত্ব** | **অযোগ্যতা** | **প্রয়োজনীয় কাগজপত্র** |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য গ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স : ২৫-৪৫ বছর।<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষা ৮০%।<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান।<br>ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা। | ক) প্রতিটি গণনা এরিয়া (EA) শারীরিকভাবে পরিদর্শন।<br>খ) প্রতি গণনা (EA) এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা।<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটালিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত।<br>ঙ) সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো। | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

**আবেদন ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান:** উপজেলা সমাজসেবা কার্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

CamScanner

### আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:-

| ক্র: নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২৩ জুলাই ২০২৬ হতে ২৫ জুলাই ২০২৬ সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত | ২৩ জুলাই ২০২৬ হতে ২৫ জুলাই ২০২৬ সকাল ৯.০০ টা থেকে বেলা ৪.০০ টা পর্যন্ত | ২৬ জুলাই ২০২৬ সকাল ৯.০০ টা হতে ১০.০০ টা পর্যন্ত |

**শর্তাবলি:**

ক) তথ্য সংগ্রহকারীগণ শুমারি চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।

খ) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতি দিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।

গ) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।

ঘ) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।

ঙ) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।

চ) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।

ছ) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।

জ) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।

ঝ) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২১/০৭/২০২৬

মোঃ গোলাম রব্বানী সরদার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি
তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

স্মারক নং- ০৫.৫৫.৯৪৮২.০০৯.০১.০০৯.২৬-৭১২/১

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ০৫, ঠাকুরগাঁও-০৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঠাকুরগাঁও।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। প্রশাসক, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৬। সহকারী কমিশনার (ভূমি), পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৭। অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা, ঠাকুরগাঁও।
৮। সদস্য..................................ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। সদস্য..............................................ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। উপজেলা......................................................কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১১। চেয়ারম্যান.............................................ইউপি (সকল), পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১২। জনাব..........................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১৩। অফিস নথি।

২১/০৭/২০২৬

মোঃ গোলাম রব্বানী সরদার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি
তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

CamScanner